মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
সিডিএ এভিনিউ, ষোলশহর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
E-mail:ce@bise-ctg.gov.bd, Web: www.bise-ctg.gov.bd

স্মারক নং- চশিবো/পরী- উমা/পরী-২৮/২০০০/(অংশ-৮)/২১০০(১৩০) তারিখ : ২৩.০৭.২০২৬ খ্রি.
সূত্র: পত্র নং- আশিবো/প্রশা/২০১০/৯৩ তারিখ : ২৩.০৭.২০২৬ খ্রি.

## ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা আগামী ২৭.০৭.২০২৬ তারিখ, সোমবার থেকে পুনরায় শুরু সংক্রান্ত

# বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আন্তঃশিক্ষা বোর্ডের সিদ্ধান্তের আলোকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান প্রধান, পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, চলমান ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা অন্যান্য সকল শিক্ষা বোর্ডের সাথে পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী অভিন্ন প্রশ্নপত্রে আগামী ২৭ জুলাই ২০২৬ তারিখ, সোমবার হতে ১। পৌরনীতি ও সুশাসন-১ম পত্র (বিষয় কোড-২৬৯), ২। জীববিজ্ঞান (তত্ত্বীয়)-১ম পত্র (বিষয় কোড-১৭৮), ৩। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-১ম পত্র (বিষয় কোড-২৭৭) ও ৪। খাদ্য ও পুষ্টি -১ম পত্র (বিষয় কোড-২৭৯) পরীক্ষা দিয়ে শুরু হবে এবং এর ধারাবাহিকতায় সকল শিক্ষা বোর্ডের সাথে অভিন্ন প্রশ্নপত্রে পূর্বে প্রকাশিত সময়সূচি অনুযায়ী অন্যান্য পরীক্ষাসমূহ চলমান থাকবে।

উল্লেখ্য যে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ইতোপূর্বে স্থগিত/বন্ধ পরীক্ষাসমূহের নতুন সময়সূচি যথাসময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে সংশ্লিষ্টদের জানিয়ে দেওয়া হবে।

সংশ্লিষ্ট সকল পরীক্ষার্থী, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে প্রদত্ত বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় প্রস্তুতিসহ প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

23.07.2026

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০২৩৩৩৩৩৬৭৬৪, Email:ce@bise-ctg.gov.bd

প্রাপক
কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা
এইচএসসি পরীক্ষা-২০২৬
ও
অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান
চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:</u>

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৫. জেলা শিক্ষা কর্মকর্তা, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৮. অফিস কপি।

CamScanner